

আর-রাহমান | Ar-Rahman | الرَّحْمَنُ

আয়াতঃ ৫৫ : ১২

আরবি মূল আয়াত:

وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَالرَّيْحَانُ ۝١٢

অনুবাদসমূহ:

আর আছে খোসায়ুক্ত দানা ও সুগন্ধিযুক্ত ফুল। — আল-বায়ান

আর খোসা ও ডাটা বিশিষ্ট দানা আর সুগন্ধী গাছ। — তাইসিরুল

এবং খোসাবিশিষ্ট দানা ও সুগন্ধ গুল্ম। — মুজিবুর রহমান

And grain having husks and scented plants. — Sahih International

১২. আর আছে খোসা বিশিষ্ট দানা(১) ও সুগন্ধ ফুল।(২)

(১) حَب এর অর্থ শস্য; যেমন গম, বুট, ধান, মাষ, মসুর ইত্যাদি। عَصْف সেই খোসাকে বলে, যার ভিতরে আল্লাহর কুদরতে মোড়কবিশিষ্ট অবস্থায় শস্যের দানা সৃষ্টি করা যায়। এর সাথে সম্ভবত আরও একটি অবদানের দিকে ইঙ্গিত করা হয়েছে যে, এই খোসা তোমাদের চতুষ্পদ জন্তুর খোরাক হয়, যাদের দুধ তোমরা পান কর এবং যাদের বোঝা বহনের কাজে নিয়োজিত কর। [কুরতুবী; ফাতহুল কাদীর; সা'দী]

(২) رَيْحَان এর প্রসিদ্ধ অর্থ সুগন্ধি। অর্থাৎ আল্লাহ তা'আলা মৃত্তিকা থেকে উৎপন্ন বৃক্ষ থেকে নানা রকমের সুগন্ধি এবং সুগন্ধযুক্ত ফুল সৃষ্টি করেছেন। তাছাড়া رَيْحَان শব্দটি কোন কোন সময় নির্যাস ও রিযিকের অর্থেও ব্যবহৃত হয়। তখন অর্থ হবে, আল্লাহ তা'আলা মাটি থেকে তোমাদের জন্য রিযিকের ব্যবস্থাও করেছেন। [কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১২) এবং খোসাবিশিষ্ট শস্যদানা[১] ও সুগন্ধ ফুল।[২]

[১] حَب বলতে এমন সব শস্য যা খাদ্যরূপে পরিগণিত। শস্য শুকিয়ে ভুসি হয়ে যায়, যা পশুতে ভক্ষণ করে।

[২] আরবে তুলসী গাছকে 'রাইহান' বলা হয়।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন